সবার সাথে সব সময় প্রতিদিন

দেশতথ্য

THE DAILY DESHTATTHYA

রেজিঃ নংএ/কেএন-৪২৭ ৮তম বর্ষ-৷সংখ্যা৩২৩ কুষ্টিয়া রবিবার ০৮ আগস্ট ২০২১ ৷ ২৪ শ্রাবণ ১৪২৮৷ ৪ পৃষ্ঠা মূল্য ৩ টাকা।

dtbangla@gmail.com

সেরা মানের নিশ্চয়তা
ISO 9001:2008 সনদপ্রাপ্ত
দেশবন্ধু সিমেন্ট
হট লাইনঃ ০১৭১৩-৩৭৫২২৬, ০১৩১৩-৪৭৭১৭১

শো-রুমঃ০১৭১৬-৮৫২৭৭২ বাসাঃ ০১৭১১-৪৮৯৪৫
অশোক দধি মিষ্টান্ন ভান্ডার
প্রোঃ-অশোকঘোষ এন্ড সন্স
এখানে উন্নতমানের দধি, মিষ্টি ও খাঁটি গাওয়া ঘি পাওয়া যায়। অর্ডার অনুযায়ী মিষ্টি ডেলিভারী দেওয়া হয়।
১৯১ এন.এস.রোড, বড় বাজার
(দি কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সামনে), কুষ্টিয়া।



‘যারা পরীমনির পেছনে বিনিয়োগ করেন তারা টিকার জন্য টাকা দিতে পারেন’

ঢাকা অফিস ঃ রাশিয়ার সহযোগিতায় দেশে করোনাভাইরাসের টিকা বানানো সম্ভব। এ জন্য বিনিয়োগ প্রয়োজন বলে জানিয়েছেন গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি ডা. জাফরুল-ইহ চৌধুরী। শনিবার (৭ আগস্ট) দুপুরে রাজধানীর ধানমন্ডিতে অবস্থিত গণস্বাস্থ্য নগর হাসপাতালে এক ওয়েবিনারে তিনি এ কথা বলেন। ‘করোনার ডেল্টা ভ্যারিয়েন্টের প্রভাব ও এর থেকে উত্তরণের উপায়’ শীর্ষক এই ওয়েবিনার হয়। জাফরুল-ইহ চৌধুরী বলেন, ‘রাশিয়ার সহযোগিতায় কিউবা, ইরান তাদের নিজস্ব ভ্যাকসিন তৈরি করেছে। তাদের সহযোগিতায় আমরাও ভ্যাকসিন তৈরি করতে পারব। আমরা কিউবার মতো ভ্যাকসিন তৈরি করতে পারব। তখন এর দাম পড়বে আধা ডলার। দেশে ভ্যাকসিন তৈরির জন্য আমি আগেও প্রস্তাব করেছি, আবার করছি।’ তিনি আরও বলেন, ‘অধ্যাপক নজরুল ইসলাম আছেন, অধ্যাপক আজাদ আছেন, বিজন কুমার শীল আছেন। আরও যারা দু-চারজনআছেন, তাদের নিয়ে ভ্যাকসিন তৈরি হবে।’ গণস্বাস্থ্য কেন্দ্রের এই প্রতিষ্ঠাতা বলেন, ‘আজ চীন একশ কোটি টিকা তৈরি করে বিক্রিকরবে। ছয় মাস আগে আমাদের এখানে চীন ক্লিনিক্যাল ট্রায়াল করতে চেয়েছিল কিন্তু সেটা হয়নি। ভ্যাকসিন তৈরি নিউক্লিয়ার সাইন্সের ব্যাপার নয়। আমাদের অভিজ্ঞতা আছে, এখানে বিনিয়োগের প্রয়োজন।’ করোনার একটা টিকা তৈরি(পৃষ্ঠা-২৷ কলাম-৩)

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ৯১তম জন্মবার্ষিকী আজ

ঢাকা অফিস ঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, বাঙালির লড়াই-সংগ্রাম-আন্দোলনের নেপথ্যের প্রেরণাদাত্রী বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ৯১তম জন্মবার্ষিকী আজ। এই মহিয়সী নারী ১৯৩০ সালের এই দিনে ফরিদপুরের তৎকালীন গোপালগঞ্জ মহকুমার টুঙ্গীপাড়ায় জন্মগ্রহণ করেন। শেখ মুজিবুর রহমান দীর্ঘ আপসহীন লড়াই-সংগ্রামের ধারাবাহিকতায় ধীরে ধীরে শুধুমাত্র বাঙালি জাতির পিতাই হলনি, বিশ্ব বরেণ্য রাষ্ট্রনায়কে পরিণত হয়েছিলেন। এর পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন তারই সহধর্মিণী, মহিয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব। মাত্র পাঁচ বছর বয়সে বেগম মুজিব তার পিতা-মাতাদুই জনকেই হারান এবং ১৯৩৮ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শুধু সহধর্মিণীই ছিলেন না, ছিলেন সহযোদ্ধা ও কর্মপ্রেরণাদাত্রী। এই ত্যাগী নারী বঙ্গবন্ধু পরিবারের সব দায়িত্ব নিজ কাঁধে তুলে নিয়ে বঙ্গবন্ধুকে জাতির সেবায় মনোনিবেশ করার সুযোগ করে দিয়েছিলেন। শুধু তা-ই নয়, রাজনীতির নানা দুঃসময়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বঙ্গবন্ধুকে দিয়েছিলেন গঠনমূলক পরামর্শ। তার বলিষ্ঠ ও সময়োপযোগী পরামর্শসমূহ জাতির জীবনে সুফল বয়ে এনেছে, যা জাতীয় ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। বঙ্গবন্ধুর সহধর্মিণী হিসেবে দীর্ঘকাল তার পাশে থেকে মানবকল্যাণ ও রাজনীতির যে শিক্ষা তিনি লাভ করেছেন, তাতে তিনি একজন বিদুষী ও প্রজ্ঞাবান নারীতে রূপান্তরিত হয়েছিলেন। বঙ্গবন্ধুর সমগ্র রাজনৈতিক জীবনে ছায়ার মতো অনুসরণ করে তার প্রতিটি রাজনৈতিক কর্মকাণ্ডে অফুরান প্রেরণার উৎস হয়েছিলেন বেগম মুজিব। বাঙালি জাতির মুক্তির সনদ ছয়-দফাঘোষণার পর বঙ্গবন্ধু যখন বারে বারে পাকিস্তানি শাসকদের হাতে বন্দি ছিলেন, তখন দলের সর্বস্তরের নেতাকর্মীরা বঙ্গমাতার কাছে ছুটে আসতেন। তিনি তাদেরকে বঙ্গবন্ধুর বিভিন্ন দিক-নির্দেশনা বুঝিয়ে দিতেন এবং লড়াই-সংগ্রাম চালিয়ে যাওয়ার জন্য অনুপ্রেরণা যোগাতেন। বিশেষ করে আগরতলা ষড়যন্ত্র মামলায় প্যারোলে বঙ্গবন্ধুর মুক্তি নিয়ে একটি কুচক্রীমহল বাঙালি জাতির স্বাধীনতা সংগ্রামকে বিপন্ন করার ষড়যন্ত্রে মেতে উঠেছিল, তখন প্যারোলে মুক্তির বিপক্ষে বেগম মুজিবের দৃঢ়চেতা অবস্থান বাঙালির মুক্তি সংগ্রামকে ত্বরান্বিত করেছিল। মহান মুক্তিযুদ্ধকালে তিনি ভেঙ্গে না পড়ে পরিস্থিতি সামাল দিয়েছেন দৃঢ়তার সঙ্গে। যুদ্ধ পরবর্তীকালে দেশ পুনর্গঠনে বঙ্গবন্ধুর পাশে থেকে কাজ করেছেন, গরিব-এতিম(পৃষ্ঠা-২৷ কলাম-৩)

‘ক্রিকেটবিশ্বে বাংলাদেশ এখন উদীয়মান পরাশক্তি’

ঢাকা অফিস ঃ দুই ম্যাচ হাতে রেখেই শক্তিশালী অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজ বিজয়ী বাংলাদেশ ক্রিকেটদলকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা গোলাম মোহাম্মদ (জিএম) কাদের। তিনি বলেছেন, ‘অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজ জয়ের এই মুহূর্ত ইতিহাস হয়ে থাকবে। ক্রিকেট বিশ্বে বাংলাদেশ এখন উদীয়মান পরাশক্তি।’ শুক্রবার(৬ আগস্ট) রাত ১১টার দিকে এক অভিনন্দন বার্তায় তিনি এ কথা বলেন। এ সময় খেলোয়াড়দের পাশাপাশি ক্রিকেটকোচ, ক্রিকেট বোর্ড ও সংশ্লিষ্টদেরও অভিনন্দন জাপা চেয়ারম্যান। অভিনন্দন বার্তায় তিনি বলেন, ‘অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজ জয় প্রত্যাশিত ছিল। বোলিং, ব্যাটিং ও ফিল্ডিংয়ে আমাদের খেলোয়াড়দের নৈপুণ্য অসাধারণ।’ সিরিজের বাকি ম্যাচেও (পৃষ্ঠা-২৷ কলাম-৩)

সাংবাদিক ফারুক আহমেদ পিনুর ৪র্থ মৃত্যু বার্ষিকি আজ

নিজস্ব প্রতিবেদক ঃ এনটিভির স্টাফ করেসপন্ডেন্ট প্রয়াত সাংবাদিক ফারুক আহমেদ পিনুর ৪র্থ মৃত্যু বার্ষিকি আজ। দিবসটি উপলক্ষে বাদ জোহর হাসপাতাল মোড়ে সময়ের দিগন্ত পত্রিকা অফিসে মরহুমের আত্মার মাগফিরাত কামনায় দোয়ার আয়োজন করা হয়েছে। বিকেলে ভেড়ামারার মহারাজপুর গোরস্থানে মরহুমের কবর জিয়ারত ও পুষ্পস্তবক অর্পন করা হবে। এছাড়াও মৃত্যু বার্ষিকি উপলক্ষে পরিবারের পক্ষ থেকে ৬ই আগষ্ট বাড়াদী উত্তরপাড়ায় দোয়া মাহফিল ও অসহায়দের মাঝে খাদ্য বিতরণ ও ৭ই আগষ্ট কুষ্টিয়ার (পৃষ্ঠা-২৷ কলাম-২)

কুষ্টিয়ায় তিনদিনে কাঁচা মরিচের দাম কেজিতে বেড়েছে ১০০ টাকা

নিজস্ব প্রতিবেদক ঃ হঠাৎ করেই কুষ্টিয়ায় কাঁচা মরিচের দাম অস্বাভাবিকভাবে বেড়েছে। গত তিনদিনের ব্যবধানে কাঁচা মরিচের দাম কেজিতে বেড়েছে প্রায় একশ টাকা। আবার বাজার ভেদে দামের পার্থক্যও দেখা গেছে। কুষ্টিয়ার পৌর, রাজারহাট, চৌড়হাস, সাদ্দাম ও মঙ্গলবাড়ীয়া কাঁচাবাজারসহ বেশ কয়েকটি বাজার ঘুরে দেখা গেছে, ১৫০-১৮০টাকা কেজিতে বিক্রিহচ্ছে কাঁচা মরিচ। অথচও গত তিনদিন আগেও প্রতিকেজির দাম ছিল মাত্র ৬০ টাকা। খুচরা বিক্রেতাদেরদাবি কয়েক দিন টানা বৃষ্টির কারণে এখন প্রতিদিনই কাঁচা মরিচের দাম বাড়ছে। বেশি দামে কেনার কারণে বাধ্য হয়ে বেশি দামেই বিক্রিকরতে হচ্ছে। তবে ক্রেতাদের দাবি বৃষ্টির অজুহাতে দাম বেশি নেয়া হচ্ছে। শুক্রবার(৬ আগস্ট) সকালে কুষ্টিয়ার সবচেয়ে ব্যস্ততম পৌর বাজারে কাঁচা মরিচ বিক্রিহয়েছে ১৪০-১৫০ টাকায়। সেখান থেকে মাত্র এক থেকে দেড় কিলোমিটার দূরে সাদ্দাম বাজারে বিক্রিহয় ১৭০-১৮০টাকায়। খোঁজ নিয়ে জানা গেছে, কুষ্টিয়ার দৌলতপুর, ভেড়ামারা এবং সদর উপজেলার ঝাউদিয়া, উজানগ্রাম এলাকার কৃষক পর্যায়ে প্রতিকেজি কাঁচা মরিচ ১১০-১২০টাকা কেজিতে বিক্রি হচ্ছে। মাঠ থেকে ভোক্তা পর্যায়ে পৌঁছাতে কেজিতে ৬০-৭০টাকা বেড়ে যাচ্ছে। আবার শহরের একটু বাইরের বাজারগুলোতে বিক্রিহচ্ছে ১৫০-১৬০ টাকায়। কুষ্টিয়া পৌর বাজারের কাঁচামাল ব্যবসায়ী আকমল হোসেন জানান, ঈদের পর থেকেই টানা বৃষ্টি। যার কারণে কাঁচা মরিচের দাম অস্বাভাবিক বাড়তে শুরু করেছে। বিশেষ করে গত ৩-৪দিনের ব্যবধানে কাঁচা মরিচের দাম কেজিতে ৮০-১০০ টাকা বেড়েছে। বাজারদরের যে অবস্থা তাতে সামনের দিকে আরও দাম বাড়ার সম্ভাবনা রয়েছে বলে মন্তব্য করেন তিনি। এদিকে কাঁচা মরিচের দাম দফায় দফায়(পৃষ্ঠা-২৷ কলাম-৩)

রাজবাড়ীতে নারীকে একসঙ্গে দুই ডোজ টিকা

রাজবাড়ী প্রতিনিধি ঃ রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলায় ইসমত আরা (৩১) নামে এক নারীকে একসঙ্গে দুই ডোজ টিকা দেয়া হয়েছে। শনিবার (৭ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার নারুয়া ইউনিয়নের পাটকিয়াবাড়ি দাখিল মাদরাসা কেন্দ্রে এ ঘটনা ঘটে। টিকা গ্রহিতার স্বামী নাহিদুল হক স্বপন জানান, পাটকিয়াবাড়ি দাখিল মাদরাসা টিকাকেন্দ্রে কোনো শৃঙ্খলা নেই। একসঙ্গে অনেককে বসিয়ে টিকা দেয়া হচ্ছে। সকালে তার স্ত্রী টিকা নিতে গেলে স্বাস্থ্যকর্মী তার বাম হাতে টিকা দেয়। টিকা দেয়া শেষে তার স্ত্রী টিকা দেয়ার স্থান অন্য হাত দিয়ে চাপ দিয়ে ধরে রাখে। সে সময় আরেক স্বাস্থ্যকর্মী এসে ডান হাতে টিকা দেন। এখন তিনি তার স্ত্রীকে নিয়ে চিন্তায় রয়েছেন। বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. শাফিন জব্বার বলেন, ভুলবশত এক নারীকে দুই ডোজ টিকা দেয়ার ঘটনা ঘটেছে বলে শুনেছি। ঘটনার পর থেকে ওই নারীর স্বাস্থ্যগত খোঁজখবর রাখা হচ্ছে। তিনি এখন পর্যন্ত ভালো আছেন। ভিড় বেশির কারণে এটা হয়েছে।

ঝিনাইদহে ইউনিয়ন পর্যায়ে গণটিকাদান কর্মসূচী শুরু

ঝিনাইদহ প্রতিনিধি ঃ সারাদেশের ন্যায় ঝিনাইদহেও শুরু হয়েছে ইউনিয়ন পর্যায়ে গণটিকাদান কর্মসূচী। শনিবার সকালে সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়ন পরিষদ চত্বরে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়। এসময় বেলুন উড়িয়ে ও ফিতা কেটে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা প্রশাসক মজিবর রহমান। পরে অনুষ্ঠিত আলোচনা সভায় পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। (পৃষ্ঠা-২৷ কলাম-২)

রাজবাড়ীতে বজ্রপাতে যুবকের মৃত্যু

রাজবাড়ী প্রতিনিধি ঃ রাজবাড়ী সদর উপজেলার আলীপুর ইউনিয়নের আলাদীপুরে বজ্রপাতে মো. মতিন শেখ (৩০) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। শনিবার (৭ আগস্ট) দুপুর ২টার দিকে মারা যান তিনি। মতিন আলীপুর ইউপির ৫নং ওয়ার্ডের হযরত শেখের ছেলে। আলীপুর ইউপি চেয়ারম্যান মো. শওকত হাসান জানান, মতিন দরিদ্র পরিবারের সন্তান। কৃষি কাজ করে সংসার চালাতেন। দুপুরে মাঠে ধান নিড়ানির কাজ করছিলেন। ওই সময় হঠাৎ বজ্রপাত হলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

পাবনায় জমে উঠেছে ঐতিহ্যের নৌকা হাট

পাবনা প্রতিনিধি ঃ পাবনার ভাঙ্গুড়া উপজেলা ঘিরে রয়েছে চলন বিল, বড়াল বিলসহ বেশ কয়েকটি বিল। এসব বিল ঘিরে এলাকায় এক সময় নানা ঐতিহ্য থাকলেও বদলে যাওয়া প্রকৃতির প্রভাবে বিলুপ্ত হয়েছে অনেক ঐতিহ্য। কিন্তু বর্ষা মৌসুমে বিলকে ঘিরে নৌকা তৈরি ও বেচা-কেনার ঐতিহ্য এখনো রয়ে গেছে। উপজেলার মেন্দা কালিবাড়ি এলাকায় এখনও জমজমাট নৌকা তৈরি ও বেচা-কেনারহাট। চলনবিল পাড়ের প্রত্যন্ত এলাকায় এখনো চলাফেরার জন্য পুরোদমে ব্যবহার করা হয় ডিঙি নৌকা। মেন্দা কালিবাড়ি এলাকার কারিগরদের তৈরি নৌকার রয়েছে বিশেষ চাহিদা। এ উপজেলার চাহিদা মিটিয়ে নৌকা বিক্রিহচ্ছে পাশ্ববর্তী ফরিদপুর ও চাটমোহর উপজেলার বিভিন্ন এলাকাতেও। নৌকা তৈরির কাজে ব্যস্ত সময় কাটছে কালিবাড়ি এলাকার মিস্ত্রিদের। সরেজমিনে কালিবাড়ি গিয়ে দেখা যায়, অন্যান্য বছরের মতো এবারও নৌকা বিক্রির ধুম পড়েছে। ডিঙি নৌকা তৈরিতে জড়িত এলাকার প্রায় অর্ধ শতাধিক পরিবার। একেকজন কারখানা মালিক(পৃষ্ঠা-২৷ কলাম-২)

২৪ ঘণ্টায় আরও ২০৪ ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি

ঢাকা অফিস ঃ গত ২৪ ঘণ্টায় রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে রেকর্ড সংখ্যক ২০৪ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। এ নিয়ে সারাদেশের হাসপাতালে বর্তমানে ভর্তি থাকা মোট ডেঙ্গু রোগীর সংখ্যা ৯৯৭ জন। শনিবার (৭ আগস্ট) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমারজেন্সি অপারেশন সেন্টার অ্যান্ড কন্ট্রোল রুমের পরিসংখ্যান সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র জানায়, গত ২৪ ঘণ্টায় সারাদেশে ভর্তি ২০৪ জনের মধ্যে রাজধানীতে সরকারি ও স্বায়ত্তশাসিত হাসপাতালে ৬০ জন এবং বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে ১৩৪ জন, আর ঢাকা বিভাগে (ঢাকা জেলা ব্যতীত) ৭ জন, রাজশাহী বিভাগে একজন ও খুলনা বিভাগে দুজন ভর্তি হন। এছাড়া চলতি মৌসুমে ডেঙ্গু সন্দেহে মৃত ১০ জনের তথ্য পর্যালোচনা করার জন্য রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানে (আইইডিসিআর) পাঠানো হয়। তবে এখন পর্যন্ত কোনো (পৃষ্ঠা-২৷ কলাম-২)

ভারতের উপহারের ৩০ অ্যাম্বুলেন্স বেনাপোল দিয়ে দেশে পৌঁছাল

যশোর প্রতিনিধি ঃ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে ১০৯ অ্যাম্বুলেন্স (লাইফ সাপোর্টসহ) উপহার দিচ্ছে ভারত। উপহারের দ্বিতীয় চালানে ৩০ অ্যাম্বুলেন্স বেনাপোল বন্দরে পৌঁছেছে। শনিবার (৭ আগস্ট) সকালে বেনাপোল বন্দরে অ্যাম্বুলেন্সগুলো পৌঁছায়। কাস্টমসের আনুষ্ঠানিকতা শেষে আজই সেগুলো ঢাকার উদ্দেশে রওনা হবে। বিষয়টি নিশ্চিত করেছেন বেনাপোল বন্দরের সহকারী পরিচালক (ট্রাফিক) আতিকুল ইসলাম। জানা গেছে, চলতি বছরের গত ২৬-২৭মার্চ বাংলাদেশ সফরকালে কোভিড-১৯মহামারি মোকাবিলায় সরকারকে ১০৯টি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স উপহারের ঘোষণা দেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেই প্রতিশ্রুতি অনুযায়ী ৩০টি অ্যাম্বুলেন্স বেনাপোল বন্দরে এসেছে। বেনাপোল কাস্টমস ও বন্দরের ছাড়পত্র পাওয়ার পর সেগুলো ঢাকার উদ্দেশে রওনা হবে। বাকি অ্যাম্বুলেন্সগুলো সেপ্টেম্বরের শেষ দিকে পর্যায়ক্রমে পৌঁছাবে বলে জানান ঢাকায় অবস্থিত ভারতীয় হাইকমিশন। এর আগে ভারত সরকারের উপহারের প্রথম অ্যাম্বুলেন্সটি (একটি) দেশে পৌঁছায় গত ২১ মার্চ। উপহার হিসেবে আসা এসব অ্যাম্বুলেন্সে ভেন্টিলেশন সুবিধা রয়েছে। অর্থাৎ কার্ডিয়াক রোগী বহনের সুযোগ থাকছে এতে। ভারতীয় হাইকমিশন জানায়, এ উপহার বাংলাদেশের জনগণের সহায়তার জন্য ভারতের অব্যাহত ও দীর্ঘমেয়াদি অঙ্গীকারের প্রতিফলন। বেনাপোল বন্দরের সহকারী পরিচালক (ট্রাফিক) আতিকুল ইসলাম জানান, ভারত থেকে ৩০টি অ্যাম্বুলেন্স শনিবার সকালে বন্দরে প্রবেশ করেছে। ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের নামে অ্যাম্বুলেন্সগুলো উত্তরা মোটরর্স নামের একটি সিঅ্যান্ডএফ এজেন্ট খালাসের জন্য প্রয়োজনীয় কাগজপত্র জমা (পৃষ্ঠা-২৷ কলাম-২)

খেলা খেলা খেলা খেলা

ALESHA CARD

৬৫ রানে ৬ উইকেট, অবিশ্বাস্য কিছু কি করতে পারবেন বোলাররা?

ক্রীড়াপ্রতিবেদক ঃ পুঁজি মাত্র ১০৪ রানের। জয় পেতে হলে বোলারদেরই অবিশ্বাস্য কিছু করতে হবে। সেটা কি তারা করতে পারবেন? মিরপুরে সিরিজের চতুর্থ টি-টোয়েন্টিতে অস্ট্রেলিয়াকে কিন্তু ঠিকই চাপে ফেলে দিয়েছেন টাইগার বোলাররা। ৬৫ রানে তুলে নিয়েছেন ৬ উইকেট। শুরু থেকেই হাল না ছাড়ার মানসিকতায় খেলেছেন বোলাররা। সেই চেষ্টায় প্রথম ওভারেই দেখা পেয়েছে বাংলাদেশ। অসি অধিনায়ক ম্যাথু ওয়েডকে দারুণ এক ডেলিভারিতে বোল্ড করে ফেরান মাহেদি হাসান। কিন্তু উইকেটে এসেই ভয়ংকর চেহারায় হাজির হন ড্যান ক্রিশ্চিয়ান। ইনিংসের চতুর্থ ওভারে সাকিব আল হাসানকে রীতিমতো লজ্জায় ডুবিয়েছেন ডান হাতি এই ব্যাটসম্যান। এক ওভারেই হাঁকিয়েছেন ৫ ছক্কা! ওভারের প্রথম তিন বলে টানা তিন ছক্কা হাঁকান ক্রিশ্চিয়ান পরের বলটি ছক্কা হাঁকানোর মতো জোরে স্প-সুইপ করতে গিয়ে মিস করেন অসি ব্যাটসম্যান। কিন্তু তার পরের দুই বলে আবারও টানা দুই ছক্কা হাঁকান তিনি। পরের ওভারেই ম্যাকডারমটকে (১২ বলে ৫) এলবিডব্লিউ-উ করেন নাসুম আহমেদ। তার পরের ওভারে মোস্তাফিজুর রহমান ভয়ংকর ড্যান ক্রিশ্চিয়ানকে(১৫ বলে ৩৯) ফেরান শামীম পাটোয়ারীর ক্যাচ বানিয়ে। পঞ্চাশের আগেই (৪৯ রানে) ৩ উইকেট হারায় অস্ট্রেলিয়া। অষ্টম ওভারে ময়েসেস হেনরিকস রানআউটের কবলে পড়লে দুর্দশা শুরু হয় অস্ট্রেলিয়ার। সাকিবের বলে সোজা শট খেলেছিলেন মিচেল মার্শ। ননস্ট্রাইকে এসে বোলারের হাতে লেগে ভেঙে যায় স্ট্যাম্প। হেনরিকস (৪) ফেরেন দুর্ভাগ্যজনক আউটে। এরপর দ্রুতই অ্যালেক্স কেরে আর মার্শকে আউট করে ম্যাচে ফেরে টাইগাররা। দশম ওভারে ক্যারেকে (১) এলবিডব্লিউ-উ করেন মোস্তাফিজ। পরের ওভারে মাহেদি দুর্দান্ত এক ডেলিভারিতে বোল্ড করেন মার্শকে (১১)। ৬৫ রানে অস্ট্রেলিয়ার ৬ উইকেট তুলে নেয় টাইগাররা। এর আগে অসি বোলারদের তোপে সুবিধা করতে পারেননি টাইগার ব্যাটসম্যানরা। শেষদিকে মাহেদি হাসানের ১৫ বলে একটি করে চার-ছক্কায়২৩ রানের ইনিংসে কোনোমতে একশ পেরিয়েছে স্বাগতিকরা, ৯ উইকেটে তুলেছে ১০৪ রান। অথচ ধীরগতির পিচে এবারও লড়াকু সংগ্রহ পাওয়া যাবে, একটা সময় মনে হচ্ছিল তেমনটাই। দশম ওভার চলার সময় ১ উইকেটে ৪৮ রান ছিল বোর্ডে। কিন্তু পরের দশ ওভারে নিয়ন্ত্রণ নিজেদের হাতে নিয়ে নেয় অস্ট্রেলিয়া। ১ উইকেটে ৪৮ থেকে ৭ উইকেটে ৮৩ রানে পরিণত হয় মাহমুদউল্লাহ-রিয়াদদের দল। ৩৫ রানের ব্যবধানে ৬ উইকেট হারিয়ে লড়াকু স্কোর গড়ার স্বপ্নটা শেষ হয়ে যায় বাংলাদেশের। ওপেনিং জুটি নিয়ে বাংলাদেশের দুর্ভাবনা কাটেনি এই ম্যাচেও। প্রথম তিন টি-টোয়েন্টিতেজয় পেলেও ব্যাটিংয়ে একবারও ভালো শুরু করতে পারেনি টাইগাররা। বিশেষ করে সৌম্য সরকারের ব্যর্থতা ছিল চোখে পড়ার মতো। টস জিতে ব্যাটিংয়ে নামা বাংলাদেশের এবার ওপেনিং জুটিতে ২৪ রান উঠলেও ব্যর্থতার বৃত্ত ভাঙতে পারেননি সেই সৌম্য। আরও একবার বাজে শট খেলে আউট হয়েছেন। ইনিংসের চতুর্থ ওভারে জশ হ্যাজলেউডকে ক্রসখেলতে গিয়ে উল্টোদিকে বল ওপরে তুলে দিয়েছেন সৌম্য। সহজেই ক্যাচটি তালুবন্দী করেন অ্যালেক্স কেরে। ১০ বলে ১ ছক্কায় সৌম্য করেন ৮। আগের তিন ম্যাচে বাঁহাতি এই ওপেনারের ব্যাট থেকে এসেছিল ২, ০ আর ২। অর্থাৎ চার ইনিংসে মিলিয়ে সৌম্য করলেন ১২ রান। সাকিব আল হাসানকে শুরু থেকেই নড়বড়ে লাগছিল। ব্যাটে-বলে ঠিকমতো টাইমিং করতে পারছিলেন না। বারকয়েক ক্যাচের মতো হয়েছে। এর মধ্যে ইনিংসের পঞ্চম ওভারে নিশ্চিত একটি এলবিডব্লিউ-উয়েরআবেদন থেকে বেঁচে যান সাকিব। অ্যাশটন অ্যাগারের করা ওভারটির পঞ্চম বলটি সাকিবের পায়ে লাগলে আবেদন করেছিল অস্ট্রেলিয়া। আম্পায়ার তাতে সাড়া দেননি। রিভিউও নেননি অসি অধিনায়ক ম্যাথু ওয়েড। রিপে-তে দেখা যায়, বল উইকেটে হিট করতো, আউট ছিলেন সাকিব। তবে জীবন পেয়েও খুব বেশিদূর এগোতে পারেননি সাকিব। ২৬ বলে ১ বাউন্ডারিতে ১৫ রানের ধীর ইনিংস খেলে দশম ওভারে হ্যাজলেউডের শিকার হয়েছেন বিশ্বসেরা অলরাউন্ডার। কাট খেলতে গেলে তার ব্যাটে বল লেগে সোজা চলে যায় উইকেটরক্ষকের হাতে। এরপর মিচেল সোয়েপসনের ঘূর্ণি জাদু। সাকিব আউট হওয়ার পাঁচ বল পর শূন্যতে এলবিডব্লিউ-উ হয়ে যান অধিনায়ক মাহমুদউল্লাহ-রিয়াদও। পরের বলে আরও এক উইকেট সোয়েপসনের। এবার গুগলিতে এলবিডব্লিউ-উ নুরুল হাসান সোহান (০)। ৫১ রানে ৪ উইকেট হারায় বাংলাদেশ। সেই ধাক্কা সামলে ওঠার ইঙ্গিত ছিল নাঈম-আফিফের ব্যাটে। কিন্তু ধীরগতির ইনিংসে খেলা নাঈম সুইপসনকে সজোরে স্প-সুইপ খেলতে গিয়ে বল তুলে দেন সোজা ওপরে। সহজ ক্যাচ নেন অসি উইকেটরক্ষক ওয়েড। ৩৬ বলে ২ বাউন্ডারিতে ২৮ রান করা নাঈম ফেরার পরের ওভারে আফিফ হোসেনও উইকেট বিলিয়ে দেন। ১৬তম ওভারের প্রথম বলেই অ্যাশটন অ্যাগারকে বড় ছক্কা হাঁকিয়েছিলেন আফিফ। কিন্তু দুই বল পর সজোরে হাঁকাতে গিয়ে ডিপমিডউইকেটে ধরা পড়েন মারকুটে এই ব্যাটসম্যান, ১৭ বলে এক ছক্কায় তিনি তখন ২১ রানে। অস্ট্রেলিয়ার বিপক্ষে টানা ব্যর্থতার পরিচয় দিয়েছেন গত মাসেই জিম্বাবুয়েতে দারুণ অভিষেকে সাড়া ফেলে দেয়া শামীম পাটোয়ারী। এবার অ্যান্ড্রু টাইয়ের স্লো-স্লোয়ারেবিভ্রান্ত হয়ে ৩ রানে মিডউইকেটে ক্যাচ হয়েছেন বাঁহাতি এই ব্যাটসম্যান। অস্ট্রেলিয়ার বিপক্ষে আগের তিন ম্যাচের দুটিতে ব্যাটিং পেয়ে করেছিলেন ৪ আর ৩ রান। অসি বোলারদের মধ্যে অ্যান্ড্রু টাই আর মিচেল সোয়েপসন নিয়েছেন ৩টি করে উইকেট। ২টি উইকেট শিকার জশ হ্যাজলেউডের।

অলিম্পিক ফুটবলে টানা দ্বিতীয়বার চ্যাম্পিয়ন ব্রাজিল

স্পোর্টস ডেস্ক ঃ ২০০২ সালে ইয়োকোহামার এই নিসান স্টেডিয়ামেই জার্মানিকে হারিয়ে সর্বশেষ বিশ্বকাপ জিতেছিলেন রোনালদো-রোনালদিনহো-রিভালদোরা। সেই মাঠেই ১৯ বছর পর অলিম্পিক সোনা ধরে রাখার লক্ষ্যে খেলতে নেমে ইউরোপের দেশ স্পেনের কঠিন প্রতিরোধের মুখে পড়েছিল ব্রাজিলিয়ানরা। কিন্তু যে স্টেডিয়ামটি তাদের জন্য পয়মন্ত ভেন্যু, সেটা কিভাবে খালি হাতে ফিরিয়ে দেবে? দিলও না। নির্ধারিত ৯০ মিনিট ১-১গোলে সমতা থাকার পর খেলা গড়ায় অতিরিক্ত সময়ে। সেখানেই দুর্দান্ত এক গোল করলেন ব্রাজিলের ম্যালকম। সেই গোলেই টোকিও অলিম্পিকের স্বর্ণ জয় নিশ্চিত হলো লাতিন আমেরিকার



দেশটির। ২০১৬ সালের পর টানা দ্বিতীয়বার অলিম্পিকের স্বর্ণ জিতলো সেলেসাওরা। ২০১৬ রিও অলিম্পিকে প্রথম নেইমারের হাত ধরে অলিম্পিক ফুটবলের স্বর্ণ জয় করেছিল ব্রাজিল। সেবার টাইব্রেকারে জার্মানিকে হারিয়েছিল তারা। টাইব্রেকারের শেষ শটটি নিয়েছিলেন নেইমার। ৫ বছর পর টোকিওয় দানি আলভেজের নেতৃত্বাধীন ব্রাজিল সেই স্বর্ণ পদকটি ধরে রাখলো। ইয়োকোহামার নিসান স্টেডিয়ামে ম্যাচের(পৃষ্ঠা-২৷ কলাম-৩)

প্রকাশক ও সম্পাদক মোঃ আব্দুল বারী, মোবাইল : ০১৭১০-৮৬২৬৩২ যুগ্ম সম্পাদক : মোঃ এনামুল হক, মোবাইল: ০১৭১৬-৮৩১৯৭১,enamul.kst70@gmail.com (ঢাকা অফিস: ৮০/৫, ভিআইপি রোড, কাকরাইল, ঢাকা ১০০০)।
সম্পাদক ও প্রকাশক কর্তৃক কোয়ালিটি প্রিন্টার্স থেকে ছেপে বাড়ী নং ১৫৯, ওয়ার্ড-৪,মিরপুর, কুষ্টিয়া থেকে প্রকাশিত। বার্তা ও বাণিজ্যিক বিভাগ: পুলিশ লাইনের সামনে, দাদাপুর রোড, মজমপুর, কুষ্টিয়া। ই-মেইল: dtbangla@gmail.com